যুগান্তর

তারিখ ০6 OCT 2016 পৃষ্ঠা ৩ কলাম ২

বিশ্ব শিক্ষক দিবস উদ্‌যাপিত

# মর্যাদা নিশ্চিত ও বৈষম্য দূর করার আহ্বান

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষকদের যথাযথ মর্যাদা ও মূল্যায়ন, বৈষম্য দূর এবং ভোগান্তিমুক্ত দাফতরিক কাজ নিশ্চিতের আহ্বান জানানোর মধ্য দিয়ে বুধবার বাংলাদেশে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। বিভিন্ন শিক্ষক সংগঠন এ উপলক্ষে সভা-সমাবেশ ও মানববন্ধন করে। এসব আলোচনা সভা থেকে বলা হয়, শিক্ষকদের মর্যাদা ও অধিকার নিশ্চিত করা না হলে সুশিক্ষিত সমাজ গড়ে তোলা সম্ভব হবে না। পাশাপাশি শিক্ষার্থীদের কাছে নিজেদেরকে রোল মডেলরূপে উপস্থাপনের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানানো হয়।

এসব কর্মসূচি থেকে শিক্ষকরা বিভিন্ন দাবি উত্থাপন করেন। এর মধ্যে আছে— বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি জাতীয়করণ। সরকারি কর্মচারীদের ন্যায় বেসরকারি শিক্ষকদেরও প্রতিবছর মূল বেতনের ৫ ভাগ বৃদ্ধি করা। তারা অবসর ও কল্যাণ ট্রাস্টের টাকা ভোগান্তি ছাড়াই পরিশোধেরও দাবি জানান।

বিশ্ব শিক্ষক দিবস উদ্‌যাপন পরিষদের উদ্যোগে সকালে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনার থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, শিক্ষার উন্নয়নে নিয়োজিত জাতীয় ও ■ পৃষ্ঠা ৭ : কলাম ২

## মর্যাদা নিশ্চিত করার আহ্বান

(৩য় পৃষ্ঠার পর)

আন্তর্জাতিক সংগঠনের প্রতিনিধিরা এতে যোগ দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে এসে শোভাযাত্রা শেষ হয়। পরে টিএসসিতেই 'শিক্ষকের মূল্যায়ন, মর্যাদার উন্নয়ন' শীর্ষক প্রতিপাদ্য নিয়ে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, অধ্যাপক রেহমান সোবহান, ইউনেস্কো বাংলাদেশ অফিসের প্রধান বিট্রিস কালডুন, গ্লোবাল ক্যাম্পেইন ফর এডুকেশনের ভাইস প্রেসিডেন্ট রাশেদা কে চৌধুরী বক্তৃতা করেন।